সংবাদ

তারিখ ... 17 MAR 2016 ...
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ৩ ......

# রাজধানীতে এসএসসি পরীক্ষার্থীসহ তিনজনের অস্বাভাবিক মৃত্যু

নিজস্ব বার্তা পরিবেশক

রাজধানীতে পৃথক ঘটনায় তিনজনের অস্বাভাবিক মৃত্যু হয়েছে। তারা হলেন- রমনায় রাব্বি আহমেদ ইমন (২৬), বিমানবন্দরে রিয়াদুল ইসলাম (১৭) ও কমলাপুরে অজ্ঞাত ব্যক্তি (৫০)। পুলিশ তাদের লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঢাকা মেডিকেল কলেজের (ঢামেক) মর্গে পাঠিয়েছে। গতকাল দুপুরে মগবাজারের নিউ ইস্কাটন রোডে নির্মাণাধীন ফ্লাইওভারের ওপর থেকে লোহার রড পড়ে ইমন নামে এক শ্রমিকের মৃত্যু হয়েছে। তিনি এলজি পাওয়ার প্যাকের অপারেটর ছিলেন। তার বাবা কবির হোসেন তমা কনস্ট্রাকশনে কাজ করেন। মৃতের বাড়ি গাইবান্ধার সাদুল্ল্যাহপুর থানার খদ্দর রসুলপুর গ্রামে। অস্বাভাবিক : পৃষ্ঠা : ২ ক : ১

## অস্বাভাবিক : মৃত্যু

(১৬ পৃষ্ঠার পর)

তিনি দক্ষিণখানের আশকোনা এলাকার তেঁতুলতলায় মনিরের বাড়িতে থাকতেন। দুই ভাই ও দুই বোনের মধ্যে দ্বিতীয়। রমনা থানার এসআই তাপস ঘোষাল বলেন, সকালে ইমন ফ্লাইওভারের নিচে কাজ করছিলেন। হঠাৎ ফ্লাইওভারের ওপর থেকে একটি রড মাথায় পড়লে ঘটনাস্থলেই তিনি মারা যান। এদিকে গতকাল ভোরে বিমানবন্দরে যাত্রীবাহী বাসের ধাক্কায় রিয়াদুল নামে এক এসএসসি শিক্ষার্থী নিহত হয়েছে। এ ঘটনায় ইমন ও আকাশ নামে আরও দু'জন আহত হয়েছে। আহতরা ঢামেক হাসপাতাল থেকে প্রাথমিক চিকিৎসা নিয়েছেন। মৃতের বাবা দিদারুল ইসলাম সৌদি প্রবাসী এবং মা পারুল বেগম। রিয়াদুল কদমতলী এলাকার মেরাজনগরে থাকতেন। সে দনিয়া একে স্কুল এন্ড কলেজ থেকে এসএসসি পরীক্ষা দিয়েছেন। বিমানবন্দর থানার এসআই মোস্তাফিজুর রহমান বলেন, ভোরে সাইকেলে যাওয়ার পথে শেরপুরগামী একটি বাস রিয়াদুলকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। গাড়িটি জব্দ করা হলেও এর চালক পালিয়ে গেছে। তাকে ধরতে অভিযান চলছে। এছাড়াও গতকাল সকালে কমলাপুর রেল স্টেশনের ৮ নম্বর প্লাটফর্ম থেকে অজ্ঞাত এক ব্যক্তির লাশ উদ্ধার করেছে পুলিশ। মৃতের পরনে ছিল বাদামি রঙের পাঞ্জাবি এবং চেক লুঙ্গি। ঢাকা রেলওয়ে থানার এসআই রফিকুল ইসলাম বলেন, কমলাপুর রেল স্টেশন থেকে নারায়ণগঞ্জগামী একটি ট্রেনে কাটা পড়ে ওই ব্যক্তির মৃত্যু হয়েছে। তার পরিচয় শনাক্তের চেষ্টা চলছে।